# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 10-07-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঐতিহাসিক অস্ট্রেলিয়া সফরে দুটি দেশের মধ্যে নিবিড় কৌশলগত অংশীদারিত্বের ভবিষ্যৎ রূপরেখা তৈরি হয়েছে।

তিনি আর কিছু পরে নিউজিল্যান্ড পৌছাবেন।

২/ মহারাষ্ট্র সরকার রাজ্যে অভিন্ন দেওয়ানি বিধির খসড়া তৈরীর জন্য ৭ সদস্যের একটি কমিটি গঠন করেছে

৩/ পরিবেশবান্ধব জ্বালানী থেকে দেশে বিদ্যুৎ চাহিদা দ্বিতীয়বার অর্ধেকেরও বেশি পূরণ করা সম্ভব হয়েছে।

৪/কুড়ি বছর পর প্যালেস্টাইনে আইনসভার নির্বাচন আবারও অনুষ্ঠিত হবে।

৫/ ফিফা বিশ্বকাপ ফুটবলে কোয়ার্টার ফাইনালে আজ স্পেন বেলজিয়ামের মুখোমুখি হবে। এদিকে ফ্রান্স সেমিফাইনালে উঠেছে।

৬/ ভারতীয় মহিলা ক্রিকেট দল আজ লর্ডসে ইংল্যান্ড এর বিরুদ্ধে প্রথমবার হতে চলা টেস্টে খেলতে নামছে।

ooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর ঐতিহাসিক এবং গুরুত্বপূর্ণ অস্ট্রেলিয়া সফর শেষ করেছেন। এই সফরের মাধ্যমে দুটি দেশের মধ্যে নিবিড় কৌশলগত অংশীদারিত্ব –এর ভবিষ্যৎ রূপরেখা তৈরি হয়েছে। তাঁর এবারের সফরে কূটনৈতিক ,অর্থনৈতিক এবং নিরাপত্তা বিষয়ক চুক্তিগুলি তাৎপর্যপূর্ণ ভাবে আরও জোরদার হয়েছেবলে পর্যবেক্ষক মহল মনে করছে। দুই গণতান্ত্রিক দেশের মধ্যে মুখ্য কার্যনির্বাহী আধিকারিক, সি ই ও ফোরাম শুরু হয় ২০২২ সালে।বর্তমানে এটি ৫৫ শতাংশ সাফল্য অর্জন করায় বাণিজ্য প্রতিনিধি দলের শীর্ষ নেতারা তা উদযাপন করে। দুটি দেশের মধ্যে বাণিজ্যের সম্ভাবনা আরও বৃদ্ধির উদ্দেশ্যে নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি অ্যালবানেজ একাধিক পদক্ষেপ নিয়েছেন।এর ফলে সার্বিক অর্থনৈতিক সহযোগিতা চুক্তি আলোচনার সি ই সি এর গুরুত্ব আরও বেড়ে যাবে। অন্যদিকে এবারের সফরের ফলে ভারত, অস্ট্রেলিয়া থেকে ইউরেনিয়াম সরবরাহের ক্ষেত্রেও বাড়তি সুবিধা পাবে। উল্লেখ্য এই চুক্তিটি ২০১৪ সালে স্বাক্ষরিত হয়েছিল।চুক্তিটি পুনরায় কার্যকর করা হয়েছে। নিরাপত্তার ক্ষেত্রেও ভারত ও অস্ট্রেলিয়া যে যৌথ ঘোষণাপত্র স্বাক্ষরিত হয়েছে সেখানে সামুদ্রিক নিরাপত্তা অগ্রাধগিকার পেয়েছে । এর ফলে ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল অনেক বেশি নিরাপদ হয়ে উঠবে ।

(বাইট – প্রধানমন্ত্রী)

oooooooooooooooo

অস্ট্রেলিয়া সফর শেষে প্রধানমন্ত্রীর আজ নিউজিল্যান্ডের অকল্যান্ডে পৌঁছবেন। প্রধানমন্ত্রীর সফরকে নরেন্দ্র মোদীর নিউজিল্যান্ড সফরকে কেন্দ্র করে অকল্যান্ডে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি হয়েছে। প্রায় চার দশক পর কোনো ভারতীয় প্রধানমন্ত্রীর এই প্রথম নিউজিল্যান্ড সফর।এই ঐতিহাসিক মুহূর্তটিকে ঘিরে প্রবাসী

ভারতীয় সম্প্রদায় এবং নিউজিল্যান্ডের নাগরিক—উভয় পক্ষই অধীর আগ্রহে অপেক্ষা করছে।

প্রধানমন্ত্রীর এই সফর ভারত-নিউজিল্যান্ড সম্পর্কের এক নতুন অধ্যায়ের সূচনা করবে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০

বিদেশমন্ত্রী ডক্টর সুব্রমণিয়ম জয়শঙ্কর, কুয়েত সফর শেষে ওমান পৌঁছেছেন। সেদেশের বিদেশ মন্ত্রকের মহানির্দেশক শেখ আহমেদ আল মাসকারি, তাঁকে স্বাগত জানান। ডক্টর জয়শঙ্কর বর্তমানে ১১ দিনের কাতার, বাহারিন, কুয়েত, ওমান,, নিউ ইয়র্ক এবং ব্রাসেলস সফর করছেন।

এরপর তিনি নিউ ইয়র্কে, ২০২৮-২৯ সালের রাষ্ট্র সংঘ নিরাপত্তা পরিষদে ভারতের সদস্য পদের প্রচারাভিযানের আনুষ্ঠানিক সূচনা করবেন। সফরের শেষ পর্যায়ে ১৪ ও ১৫ জুলাই ব্রাসেলসে বিদেশমন্ত্রী, ইউরোপীয় ইউনিয়ন ও বেলজিয়ামের বিদেশ মন্ত্রকের প্রতিনিধিদের সঙ্গে যৌথভাবে ভারত-ইউরোপীয় ইউনিয়ন বাণিজ্য ও প্রযুক্তি পরিষদের তৃতীয় বৈঠকে যোগ দেবেন।

০০০০০০০০০০০০০০০০০

ভারত যুদ্ধদীর্ন এলাকায় যৌন নিপীড়ন- CRSV-র মতো ঘটনার তীব্র নিন্দা জানিয়ে এটিকে যুদ্ধ, সন্ত্রাসবাদ, নির্যাতন ও রাজনৈতিক নিপীড়নের এক হাতিয়ার হিসেবে বর্ণনা করেছে। যুদ্ধকালীন যৌন হিংসা বিষয়ক রাষ্ট্রসংঘ নিরাপত্তা পরিষদের আলোচনায়, রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী প্রতিনিধি পর্বতিনেনি হরিশ বলেন, ভারত এমন অপরাধের তীব্র নিন্দা জানায়। রাষ্ট্রসংঘের মহাসচিবের প্রতিবেদনের কথা উল্লেখ করে তিনি বলেন, ২০২৫ সালে এই ধরণের প্রমাণিত মামলার সংখ্যা ব্যাপক বৃদ্ধি পাওয়ার বিষয়টি সম্মিলিত পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তাকে আরও জোরালো করে তুলেছে।

BYTE - P HARISH

রাষ্ট্রসংঘের শান্তি রক্ষা কার্যক্রমে ভারতের অবদানের কথা বিশেষভাবে উল্লেখ করে শ্রী হরিশ বলেন, যুদ্ধের সময়ে যৌন নিপীড়ন রোধে নারী শান্তি রক্ষা কর্মী মোতায়েন এক যুগান্তকারী পদক্ষেপ।

ooooooooooooooooo

মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিস সে রাজ্যে অভিন্ন দেওয়ানি বিধি ইউসিসি-র খসড়া তৈরির জন্য সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রঞ্জনা দেশাইয়ের নেতৃত্বে সাত সদস্যের একটি কমিটি গঠনের কথা ঘোষণা করেছেন। তিনি বলেন, ভারতের সংবিধান দেশের সব রাজ্যকে অভিন্ন দেওয়ানি বিধি কার্যকর করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার অধিকার দিয়েছে। এর সঙ্গে সংগতি রেখেই মহারাষ্ট্র সরকার, চলতি বছরের বাজেট অধিবেশনে সে রাজ্যে অভিন্ন দেওয়ানি বিধি বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করার কথা ঘোষণা করে।

বিচারপতি দেশাইয়ের নেতৃত্বাধীন কমিটি আগামী ছয় মাসের মধ্যে রাজ্য সরকারের কাছে তাদের রিপোর্ট জমা দেবে। এই রিপোর্টের ওপর ভিত্তি করেই, আসন্ন শীতকালীন অধিবেশনে আইনসভার উভয় কক্ষে 'অভিন্ন দেওয়ানি বিধি বিল' উত্থাপন করার পরিকল্পনা করছে সরকার।

উল্লেখ্য, স্বাধীনতার পর উত্তরাখণ্ড প্রথম রাজ্য হিসেবে 'অভিন্ন দেওয়ানি বিধি' কার্যকর করে। পরে গুজরাট এবং আসাম এই অভিন্ন দেওয়ানি বিধি আইন পাস করেছে।

ooooooooooooooooo

নীতি আয়োগের সদস্য জোরাম আনিয়া নতুন দিল্লিতে আজ ইউনিসেফের ভারতীয় প্রতিনিধি সিন্থিয়া ম্যাকক্র্যাফি ও তাঁর প্রতিনিধি দলের সঙ্গে মত বিনিময় করেছেন। নীতি আয়োগ থেকে জানিয়েছে, তাদের মধ্যে শিক্ষার পরিবেশ, নিরাপদ ও সার্বিক শিক্ষণ, স্বাক্ষরতা, শিক্ষার্থীদের সার্বিক কল্যাণ এবং ডিজিটাল নিরাপত্তা নিয়ে বিস্তারিত

আলোচনা হয়েছে। বৈঠকে জেলা ও ব্লকস্তরে শিক্ষার পরিবেশের ওপর বাড়তি গুরুত্ব দেওয়া হয়। এছাড়াও বৈঠকে দুর্যোগ মোকাবিলা , শিশু কল্যাণ, মহিলাদের গঠিত স্বনির্ভর গোষ্ঠীর ভূমিকা নিয়েও নীতি আয়োগ ও ইউনিসেফের মধ্যেও বিশেষ আলোচনা হয়েছে।

ooooooooooooooooo

নতুন ও পুনর্ব্যবহারযোগ্য শক্তি মন্ত্রী প্রহ্লাদ জোশী বলেছেন , পরিবেশবান্ধব জ্বালানি থেকে দেশে বিদ্যুৎ চাহিদার দ্বিতীয়বার অর্ধেকেরও বেশি পূরণ করা সম্ভব হয়েছে। সমাজ মাধ্যমে এক বার্তায় তিনি বলেন , চলতি মাসের ৬ তারিখ পর্যন্ত দেশের বিদ্যুৎ সরবরাহের ৫০ দশমিক ২ শতাংশই এসেছে পুনর ব্যবহারযোগ্য শক্তির উৎস থেকে। তিনি বলেন,এই বিষয়টি ভারতের জ্বালানি নিরাপত্তায় পরিবেশ বান্ধব শক্তির ব্যবহারে নির্ভরযোগ্যতা প্রতিফলিত হচ্ছে।

ooooooooooooooooo

প্যালেস্তাইন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস ঘোষণা করেছেন, চলতি বছরের নভেম্বরের শেষের দিকে আইনসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। ২০০৬ সালের পর এটি হবে প্রথম নির্বাচন।নভেম্বরের ২৮ তারিখে জেরুজালেম,ওয়েস্ট ব্যাঙ্ক এবং গাজা ভূখণ্ড সহ গোটা প্যালেস্তাইন আঞ্চলিক এলাকায় ভোট নেওয়া হবে। এক নির্দেশ জারি করে তিনি বলেছেন, এই নির্বাচনের লক্ষ্য হলো প্যালেস্টাইনের গণতন্ত্র আরও শক্তিশালী করে তোলা।

ooooooooooooooooo

তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছেন আজ চীনের দুটি যুদ্ধ বিমান, ৫টি রণতরী সহ মোট আট টি জাহাজ তাদের নজরে এসেছে। সামাজিক মাধ্যমে এক বার্তায় মন্ত্রক থেকে জানানো হয়েছে তাদের সশস্ত্র বাহিনী পুরো পরিস্থিতি পর্যবেক্ষণ করছে। সঠিক সময়ে তাঁরা জবাব দেবেন।

ooooooooooooooooo

ওয়েলশ_এর কিংবদন্তি গায়িকা ও গীতিকার বনি টাইলার গতকাল প্রয়াত হয়েছেন। পর্তুগালের একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন, তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর। সংগীতে অবদানের স্বীকৃতিস্বরূপ ২০২২ সালে তাঁকে 'মেম্বার অফ দ্য অর্ডার অফ দ্য ব্রিটিশ এম্পায়ার' (MBE) সম্মানে ভূষিত করা হয়েছিল। আশির দশকের অন্যতম জনপ্রিয় গান 'টোটাল একলিপ্স অফ দ্য হার্ট' (Total Eclipse of the Heart)-এর জন্য তিনি গ্র্যামি পুরস্কারের মনোনয়নও পেয়েছিলেন। উল্লেখ্য ইউটিউবে এই গানটি শুনেছেন ১৩০ কোটিরও বেশি শ্রোতা।পাশাপাশি 'ইটস আ হার্টেক' (It's a Heartache) এবং 'হোল্ডিং আউট ফর আ হিরো' (Holding Out for a Hero) তাঁর গানগুলির মধ্যে জনপ্রিয়।

ooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, নিঃস্বার্থ সেবা ,মানবতা সর্বশ্রেষ্ঠ শক্তি। সংস্কৃত সুভাষিতম প্রসঙ্গে সমাজ মাধ্যমের এক বার্তায় তিনি বলেন, সেবা ও নিষ্ঠার মাধ্যমে একটা জাতি সামনের সারিতে উঠে আসতে পারে এবং এর ফলে নাগরিকদের দৈনন্দিন জীবন - যাপন ও উন্নত হয়।

ooooooooooooooooo

শেয়ারবাজারে আজ চাঙ্গাভাব দেখা যাচ্ছে। সেনসেক্স ৮০৩ পয়েন্ট বেড়ে ৭৭,৫৪৫ পয়েন্টে এবং নিফটি ২৪৩ পয়েন্ট বেড়ে ২৪,২০৫ পয়েন্টে পৌছেছে। বিশ্ববাজারে ঊর্ধ্বমুখী প্রবণতা এবং চিপ-নির্ভর কোম্পানিগুলোর শেয়ারের দরবৃদ্ধির ফলে বিনিয়োগকারীদের মধ্যে ইতিবাচক মনোভাব তৈরি হওয়ায় ভারতের প্রধান শেয়ার সূচকগুলো বেশ বড় ব্যবধানে বেড়ে লেনদেন হচ্ছে।

ooooooooooooooooo

ভারতের আবহাওয়া দফতর, আইএমডি আজ উত্তরাখণ্ডের ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করেছে। পাশাপাশি হিমালয়-সংলগ্ন পশ্চিমবঙ্গ, সিকিম, অরুণাচল প্রদেশ, আসাম, মেঘালয়, এবং উত্তর প্রদেশের কিছু অংশেও আজ ভারী থেকে

অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। এছাড়া আগামী ৩ থেকে ৪ দিনের মধ্যে দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড়, হিমাচল প্রদেশ, বিহার, পূর্ব মধ্যপ্রদেশ, মধ্য মহারাষ্ট্রে ভারী বৃষ্টি সহ কর্ণাটক, কেরালা, মাহে, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা, তামিলনাড়ু, পুদুচেরি এবং কারাইকালেও একইরকম আবহাওয়া পরিস্থিতির সম্ভাবনার কথা আই এমডি জানিয়েছে।

অন্যদিকে আবহাওয়া দপ্তর আজ জাতীয় রাজধানীতে হালকা থেকে মাঝারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করেছে।

০০০০০০০০০০০০০০০০০

বিশ্বকাপ ফুটবলে, লস অ্যাঞ্জেলেসের ইঙ্গেলউড স্টেডিয়ামে, আজ ভারতীয় সময় রাত সাড়ে ১২ টায়, স্পেন, বেলজিয়ামের মুখোমুখি হবে। এই ম্যাচের জয়ী দল সেমিফাইনালে ফ্রান্সের বিরুদ্ধে খেলবে।

এদিকে, এছাড়া, আগামীকাল, নরওয়ে, ইংল্যান্ডের বিরুদ্ধে খেলবে। মায়ামি স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত আড়াইটেয়। প্রথমবার কোয়ার্টার ফাইনালে পৌঁছে ইতিহাস সৃষ্টি করেছে নরওয়ে। ১৯৯৮ সালে শেষ বার ফুটবল বিশ্বকাপের মূল পর্বে অংশগ্রহণের পর, সে বছর নরওয়ে রাউন্ড অফ সিক্সটিন থেকে বিদায় নেয়।

গতরাতে, ফ্রান্স, মরক্কোকে ২-০ গোলে হারিয়ে সেমিফাইনালে উঠেছে। ফ্রান্সের হয়ে ৬০ মিনিটে কিলিয়ান এমবাপে ও ৬৬ মিনিটে ওসমান দেম্বেলে গোল করেন।

০০০০০০০০০০০০০০০০০

লর্ডস ক্রিকেট গ্রাউন্ডে আজ ইংল্যান্ডের বিপক্ষে টেস্ট ম্যাচ খেলতে নামছে ভারতীয় মহিলা ক্রিকেট দল। লর্ডসের মাঠে প্রথমবার হতে চলা মহিলাদের এই

ঐতিহাসিক টেস্ট ম্যাচে  হরমনপ্রীত কৌরের নেতৃত্বে ভারতীয় দল মাঠে নামবে। উল্লেখ্য ইংল্যান্ড ও ভারতীয় মহিলা দলের মধ্যে এটি হবে ১৬তম টেস্ট ম্যাচ। এর আগে ১৫ বারের সাক্ষাতে ভারত তিনবার ও ইংল্যান্ড একবার জয় লাভ করলেও  বাকি ১১টি ম্যাচ ড্র হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০